রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মার্চ ১৯, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ মার্চ ২০১৭/ ২৪ ফাল্গুন ১৪২৩

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৭.৫৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি (রাজস্ব) প্রভৃতি সমজাতীয় কার্যক্রমকে আরও সহজতর করিবার লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠন করিয়াছে :

(ক) **কমিটির নাম** : পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি (রাজস্ব) প্রভৃতি সমজাতীয় কার্যক্রমকে আরও সহজতর করিবার লক্ষ্যে গঠিত কমিটি।

(খ) **কমিটির গঠন** :

| | | | |
|---|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (সওব্য), জনপ্রশাসন মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| (২) | অতিরিক্ত সচিব (ব্যয় নিয়ন্ত্রণ/রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৩) | অতিরিক্ত সচিব (বাস্তবায়ন), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৪) | অতিরিক্ত সচিব, প্রস্তাব প্রেরণকারী প্রশাসনিক মন্ত্রণালয় | - | সদস্য |

(গ) **কমিটির কার্যপরিধি** :

(১) কমিটি প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পদ সৃজন/বিলুপ্তকরণ/স্থায়ীকরণ/ পদনাম পরিবর্তন/পদবি উন্নীতকরণ ইত্যাদি সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ করিয়া প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করিবে; এবং

(২) যে সকল পদের বেতন স্কেল ও নিয়োগযোগ্যতা নির্ধারণের প্রয়োজন সে সকল পদের বেতন স্কেল ও নিয়োগযোগ্যতা নির্ধারণের জন্য কমিটি অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগে প্রস্তাব প্রেরণ করিবে।


**মূল্য** ঃ টাকা ৪.০০

**(ঘ)** জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রতিনিধিগণের মতামতকেই উক্ত মন্ত্রণালয়/বিভাগের সম্মতি হিসাবে গণ্য করা হইবে।

**(ঙ)** কমিটি পরীক্ষামূলকভাবে ০৬ মাসের জন্য কাজ করিবে।

**(চ)** কমিটি ০৬ মাসের কার্যক্রমের অভিজ্ঞতার নিরিখে এ সংক্রান্ত পরবর্তী করণীয় সম্পর্কে সুপারিশসহ একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে।

**(ছ)** কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কোন কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

**(জ)** জনপ্রশাসন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মোস্তাফিজুর রহমান
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd